মানববন্ধনের মাইক বন্ধে পুলিশ পাঠিয়ে, ইউএনওর দুঃখ প্রকাশ

মেহেরপুরে সাংবাদিকের ওপর হামলার প্রতিবাদে গাংনী উপজেলা প্রেসক্লাবের উদ্যোগে দীর্ঘ মানববন্ধন কর্মসূচি অনুষ্ঠিত হয়েছে।

এদিকে মানববন্ধন কর্মসূচিতে বক্তব্য চলাকালীন সময়ে পুলিশ পাঠিয়ে মাইক বন্ধের নির্দেশ দিয়ে পরে দুঃখ প্রকাশ করেছেন গাংনী উপজেলা নির্বাহী অফিসার প্রীতম সাহা।

আজ মঙ্গলবার (২০ ফেব্রুয়ারি) সকাল সাড়ে ১০টার দিকে গাংনী উপজেলা প্রেসক্লাবের সামনে মেহেরপুর-কুষ্টিয়া সড়কের পাশে এই মানববন্ধন অনুষ্ঠিত হয়।

গাংনী উপজেলা প্রেসক্লাবের সভাপতি এমএ লিংকনের সভাপতিত্বে অনুষ্ঠিত মানববন্ধনে প্রধান অতিথির বক্তব্য রাখেন উপজেলা পরিষদ চেয়ারম্যান ও জেলা আওয়ামী লীগের সাধারন সম্পাদক এম এ খালেক।

প্রধান অতিথির বক্তব্যে এম এ খালেক বলেন, সাংবাদিকদের উপর হামলার ঘটনার সাথে জড়িত দু’জনকে গ্রেফতার করা হয়েছে। বাকি আসামিদের দ্রুত গ্রেফতার করে আইনের আওতায় আনতে হবে।

দৈনিক ইত্তেফাক পত্রিকার গাংনী সংবাদদাতা আমিরুল ইসলাম অল্ডামের সঞ্চালনায় মানববন্ধন কর্মসুচিতে অন্যান্যদের মধ্যে বক্তব্য রাখেন, গাংনী উপজেলা পরিষদের মহিলা ভাইসচেয়ারম্যান ফারহানা ইয়াসমিন, জেলা আওয়ামী লীগের উপদেষ্টা মন্ডলীর সদস্য একরামুল হক, তেরাইল জোড়পুকুরিয়া বঙ্গবন্ধু ডিগ্রি কলেজের অধ্যক্ষ মাসুমুল হক মিন্টু, বাঁশবাড়িয়া টেকনিক্যাল এন্ড বিজনেস ম্যানেজম্যান্ট কলেজের অধ্যক্ষ আবুল কালাম আজাদ স্বপন, গাংনী উপজেলা প্রেসক্লাবের সাধারণ সম্পাদক নুরুজ্জামান পাভেল, দি হাঙ্গার প্রজেক্ট বাংলাদেশের গাংনী এরিয়া সমন্বয়কারি হেলাল উদ্দিন, এনজিও কর্মী নুরুল ইসলাম রিন্টু, সমাজ কর্মী, আব্দুর রব প্রমুখ।

এদিকে মানববন্ধন কর্মসূচি পালনকালিন সময় গাংনী থানার এস আই তৌহিদ উপজেলা নির্বাহী অফিসার প্রীতম সাহার উদ্ধৃতি দিয়ে মাইক বন্ধ করার জন্য বলেন। বিষয়টি নিয়ে সাংবাদিকদের মধ্যে ক্ষোভের সৃষ্টি হয়।

মানববন্ধন কর্মসূচি পালন শেষ সাংবাদিকরা উপজেলা নির্বাহী অফিসার প্রীতম সাহার অফিসকক্ষে দেখা করেন। এবং মাইক বন্ধ করতে পুলিশ পাঠানোর বিষয়টি জানতে চান। পরে ইউএনও প্রীতম সাহা বলেন, এসএসসি পরীক্ষা চলার কারনে মাইক বন্ধ করার জন্য ওসি সাহেবকে ফোন দিয়ে মাইক বন্ধ করে দেওয়ার নির্দেশনা দেওয়া হয়েছে।

এসএসসি পরীক্ষা চলাকালীন সময়ে গাংনী উপজেলা অডিটরিয়ামে উপজেলা পর্যায়ের জাতীয় প্রাথমিক শিক্ষা পদক প্রতিযোগিতায় মাইক ব্যবহার করে উচ্চ শব্দে নাচ গান চলছে এটা কতটা যুক্তিযুক্ত?

মানববন্ধন চলাকালে বিভিন্ন ক্লিনিক ও মাংস বিক্রেতার একাধিক মাইকিংয়ের গাড়ি পাকা সড়কে যেতে দেখা গেছে তাদের জন্য কি ধরনের ব্যবস্থা নেওয়া হয়েছে? গত বৃহস্পতিবার (১৫ ফেব্রুয়ারী) এসএসসি ও সমমানের পরীক্ষা শুরুর একদিন আগে সন্ধ্যায় প্রশাসনের নাকের ডগায় ও হাসপাতালের একশ গজ দূরে বিশাল কনসার্ট ও সেখানে সংঘর্ষের ঘটনা ঘটেছে, এসব ঘটনায় প্রশাসনের কোন নজরদারি দেখা যায়নি। এলাকায় ঘটে যাওয়া বিভিন্ন অনিয়ম ও অসংগতির সংবাদ প্রকাশ হলেও উল্লেখযোগ্য কোনো প্রশাসনিক ব্যবস্থা নেওয়া হয়না। প্রশাসনের নাকের ডগায় গাংনী উপজেলার বিভিন্ন এলাকায় অবৈধ ইটভাটা গড়ে তুলে বনাঞ্চল উজাড়সহ পরিবেশ দুষন ঘটানো, সরকারি যায়গা দখল করে বাড়িঘর নির্মাণ, ড্রেজার মেসিন দিয়ে অবৈধভাবে বালি উত্তোলন, দাপ্তরিক কাজ ফেলে রেখে সরকারি সকল দফতরের কর্মকর্তাদের নিয়ে বিভিন্ন কর্মসূচিতে যোগদানের বিষয়ে সাংবাদিকরা জানকে চাইলে এসব প্রশ্নের কোনো সদুত্তর মেলেনি ইউএনও প্রীতম সাহার কাছ থেকে।

তবে এসব প্রসঙ্গ উঠলে উপজেলা নির্বাহী কর্মকর্তা প্রীতম সাহা মানববন্ধনের ঘটনায় মাইক বন্ধের নির্দেশনায় দুঃখ প্রকাশ করেন। তবে তিনি বলেন, আপনারা নিউজ করতেই পারেন। আজ এখানে আছি কর্তৃপক্ষ মনে করলে বান্দরবন চলে যেতে হবে।

এদিকে আন্তর্জাতিক মাতৃভাষার মাসে উপজেলা পরিষদ অডিটোরিয়ামে উপজেলার করমদি সরকারি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষার্থী তানভির আহমেদ মাইকের উচ্চ শব্দে হিন্দি গানের সাথে নেচে সমালোচনায় পড়েছেন আয়োজকরা।

এ বিষয়েও প্রশাসনের নজরদারির গাফেলতিকে দায়ী করছেন স্থানীয়রা।

পাশে সন্ধানী স্কুল এন্ড কলেজে এসএসসি পরীক্ষা অনুষ্ঠিত হচ্ছে তাহলে উচ্চ শব্দে মাইক বাজিয়ে এমন অনুষ্ঠানের বিষয়ে জানতে চাইলে

উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার নাসির উদ্দিন জানান এটা ইউএনও স্যারের প্রোগ্রাম। মাইক চললে কোন অসুবিধা নাই। তবে বিষয়টি নিয়ে উপজেলা নির্বাহী অফিসারকে জানালে ইউএনও প্রীতম সাহা অফিসের সহায়ক মনিরুল ইসলামকে পাঠিয়ে মাইক বন্ধ করার নির্দেশ দেন।

উল্লেখ্য, গেল ১২ ফেব্রুয়ারী আমঝুপি মানব উন্নয়ন কেন্দ্র (মউক) সংস্থা অফিসের সামনে সড়ক দূর্ঘটনার সংবাদ সংগ্রহকালে নিউজ ২৪ এর স্টাফ রিপোর্টার রাশেদুজ্জামান ও দৈনিক জবাবাদিহি পত্রিকার জেলা প্রতিনিধি সিরাজুদ্দোজা পাভেল দূর্বৃত্তদের হাতে হামলার শিকার হন। এই নিয়ে সাংবাদিকরা বিভিন্ন প্রতিবাদ কর্মসুচি পালন করে আসছে।

মেহেরপুরে ইসলামিক সাংস্কৃতিক প্রতিযোগিতা ও পুরস্কার বিতরণ

ইসলামিক ফাউন্ডেশন মেহেরপুরের উদ্যোগে জেলা পর্যায়ে জাতীয় শিশু কিশোর ইসলামিক সাংস্কৃতিক প্রতিযোগিতার সনদপত্র ও পুরস্কার বিতরণ অনুষ্ঠান ২০২৪ অনুষ্ঠিত হয়েছে।

আজ মঙ্গলবার সকাল ১০ টার সময় ইসলামিক ফাউন্ডেশন মেহেরপুর জেলার উদ্যোগে জেলা মডেল মসজিদ ও ইসলামিক সাংস্কৃতিক কেন্দ্রে এ অনুষ্ঠান অনুষ্ঠিত হয়।

ইসলামিক ফাউন্ডেশনের উপ-পরিচালক এ জি এম সিরাজুম মূনীমের সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা প্রশাসক শামীম হাসান।

এসময় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন অতিরিক্ত পুলিশ সুপার মোঃ আহসান খান ও জেলা তথ্য অফিসার আবদুল্লাহ আল মামুন প্রমুখ।

এর আগে মেহেরপুর জেলার তিনটি উপজেলায় বিজয়ী প্রতিযোগীদের নিয়ে জেলা পর্যায়ে আজান, কিরাত, হামদ/নাত, উপস্থিত বক্তৃতা, কবিতা, রচনা ও ইসলামী জ্ঞানসহ ৭ টি বিষয়ে ২০ টি গ্ৰুপে ইসলামিক

সাংস্কৃতিক প্রতিযোগিতা অনুষ্ঠিত হয় ও প্রতিযোগিতা শেষে বিজয়ীদের হাতে প্রধান অতিথি ও বিশেষ অতিথিরা সনদপত্র ও পুরস্কার তুলে দেয়।

মেহেরপুরে মিষ্টি ও ফল ব্যবসায়ীর জরিমানা

মেহেরপুর বড়বাজারে অভিযান চালিয়ে মিষ্টি মুখ ও আসিফ ফল ভান্ডার নামের দুটি প্রতিষ্ঠানের ২৫ হাজার টাকা জরিমানা করেছে ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর।

আজ মঙ্গলবার (২০ ফেব্রুয়ারি) দুপুরে মেহেরপুর ভোক্তা অধিদপ্তরের সহকারী পরিচালক সজল আহমেদ এ অভিযান পরিচালনা করেন।তাঁকে সহযোগীতা করেন জেলা কৃষি বিপণন কর্মকর্তা মো: আব্দুর রাজ্জাক এবং মেহেরপুর সদর থানা পুলিশের একটি টিম।

সজল আহমেদ জানান, মেহেরপুর শহরের বড়বাজারে মিষ্টি মুখের কারখানা, আসিফ ফলের দোকানে পরিচালনা করা হয়। মেহেরপুর মিষ্টি মুখের কারখানায় অস্বাস্থ্যকর ও নোংরা পরিবেশে মিষ্টি তৈরি, ফ্রিজে বাসি-পচা মিষ্টি সংরক্ষণ, কর্মচারিদের স্বাস্থ্যবিধি না মানা, দইয়ে মেয়াদ মুল্য ইত্যাদি না দেয়া, মেয়াদ উত্তীর্ণ পণ্য বিক্রয়সহ নানা অনিয়মের অপরাধে প্রতিষ্ঠানটির ম্যানেজার মো: আব্দুর রশিদকে ভোক্তা অধিকার সংরক্ষণ আইন ২০০৯ এর ৪৩ ও ৫১ ধারায় ২০ হাজার টাকা এবং মেসার্স অসিফ ফল ভান্ডারের মালিক মো: আহসান খানকে ফ্রিজে ও র্যাকে প্রচুর মেয়াদ উত্তীর্ণ পণ্য সংরক্ষণ ও বিক্রয়ের অপরাধে ৫ হাজার টাকা জরিমানা করা হয়।

এসময় অন্যান্য ব্যবসায়ী আইন মেনে ব্যবসা পরিচালনা, মুল্যতালিকা প্রদর্শন ও ক্রয় বিক্রয় ভাউচার সংরক্ষণ করা এবং অতিরিক্ত দাম নেয়া থেকে বিরত থাকার জন্য সতর্ক করা হয় ও সচেতনতামূলক লিফলেট বিতরণ করা হয়।

গাংনীতে আমৃত সাজাপ্রাপ্ত আসামি রিপনকে পাবনা থেকে গ্রেফতার

হত্যা মামলায় আমৃতপ্রাপ্ত আসামি রিপন আলী (৪৫)কে গ্রেফতার করেছে গাংনী থানা পুলিশ। গতকাল সোমবার দিবাগত রাত ১১ টার দিকে পাবনা শহরের বড়বাজার এলাকায় গাংনী থানা পুলিশের একটি টিম অভিযান চালিয়ে রিপন আলীকে গ্রেফতার করে।

আজ মঙ্গলবার (২০ ফেব্রুয়ারি) দুপুরে গাংনী থানার তদন্ত অফিসার মনোজিত কুমার নন্দী সাংবাদিকদের আনুষ্ঠানিকভাবে এই তথ্য নিশ্চিত করেন।

গাংনী থানার উপপরিদর্শক (এসআই) শিমুল বিল্লাহ’র নেতৃত্বে পুলিশের একটি টিম গ্রেফতার অভিযানে অংশ নেন।

রিপন আলী গাংনী উপজেলার আড়পাড়া গ্রামের আবু ছদ্দীনের ছেলে। তার নামের মামলা নং এস/সি, ০৬/২০০৮। ধারা ৩০২,৩২৪ প্যানেল কোড। আজ মঙ্গলবার দুপুরের দিকে রিপন আলীকে আদালতে প্রেরণ করা হয়েছে।

জানা গেছে, জমিজমা সংক্রান্ত বিরোধের জের ধরে ২০০৫ সালের ২৬ ফেব্রুয়ারি গাংনী উপজেলার আড়পাড়া গ্রামের আবু ছদ্দীনের ছেলে রিপন আলী ও প্রতিবেশী মহাসিন আলীর মধ্যে বাকবিতন্ডার এক পর্যায়ে সংঘর্ষের ঘটনা ঘটে। এসময় মহাসিন আলী গুরুতরভাবে আহত হন। স্থানীয়রা তাকে উদ্ধার করে প্রথমে গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ও সেখান থেকে কুষ্টিয়া মেডিকেল কলেজ হাসপাতাল নেন। চিকিৎসাধীন থাকার পরের দিন রাতে মারা যান তিনি।

নিহত মহাসিন আলীর ভাই বাদি হয়ে রিপন আলীকে প্রধান ও তার বোন জাহানারা খাতুনসহ ৪ জনকে আসামি করে গাংনী থানায় একটি হত্যা মামলা করেন। এই মামলায় জাহানারা খাতুন দীর্ঘদিন জেলে ছিলেন। পরে সে জামিনে মুক্ত হন। মামলার রায়ে ১ জন আসামীর বেকসুর খালাস দেন। এছাড়া প্রধান আসামি রিপন আলীকে আমৃত্যু কারাদন্ডসহ বাকী আসামীদের

বিভিন্ন মেয়াদে সাজা হয়। মামলার রায়ের পর থেকে রিপন পলাতক ছিল।

গাংনী থানার ওসি (তদন্ত) মনোজিত কুমার নন্দী গ্রেফতারকৃত রিপনকে আজ মঙ্গলবার দুপুরের দিকে মেহেরপুর আদালতে নেয়া হয়েছে।

মেহেরপুরে র্যাবের অভিযানে ফেনসিডিলসহ মাদক ব্যবসায়ী আটক

৪৩ বোতল ভারতীয় ফেনসিডিলসহ আক্তারুল মোল্লা (৪৫) নামের এক মাদক ব্যবসায়ীকে আটক করেছে র্যাপিড এ্যাকশন ব্যাটালিয়ন (র্যাব-১২) গাংনী ক্যাম্প।

আটক আক্তারুল মোল্লা কুষ্টিয়া জেলার দৌলতপুর উপজেলার পারগোয়ালগ্রামের সামসুল মোল্লা ওরফে ভুলুর ছেলে।

আজ সোমবার (১৯ ফেব্রুয়ারি) সকালের দিকে গাংনী উপজেলার মোমিনপুর গ্রামে অভিযান চালিয়ে তাকে ফেনসিডিল সহ আটক করেন।
র্যাব-১২ সিপিস-৩ গাংনী ক্যাম্পের কমান্ডার সহকারী পুলিশ সুপার মনিরুজ্জামান আজ সোমবার বেলা ১২ টার সময় ক্যাম্পের হলরুমে প্রেসব্রিফ করে এই তথ্য জানান।

সহকারী পুলিশ সুপার মনিরুজ্জামান বলেন, ফেনসিডিল পাচার হচ্ছে এমন সংবাদ পেয়ে র্যাবের একটি টিম মোমিনপুর গ্রামে অভিযান চালায়। আক্তারুল মোল্লা ফেনসিডিল নিয়ে যাওয়ার সময় তাকে চ্যালেঞ্জ করলে



ফেনসিডিল ফেলে পালিয়ে যাওয়ার সময় র্যাব সদস্যরা ধরে ফেলে।

আটক আক্তারুল মোল্লা ও তার আপন মামা গাংনী উপজেলার কাজিপুর গ্রামের আব্দুল জলিলের ছেলে তাইজেল (৫৫) দীর্ঘদিন যাবৎ ভারত থেকে চোরাই পথে মাদক নিয়ে এসে এলাকায় বিক্রি করে আসছিলেন। ফেনসিডিল উদ্ধারের ঘটনায় ২০১৮ সালের মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনের ৩৬(১)সারণীর ১৪(খ)৪১ ধারায় একটি মামলা দায়ের করা হয়েছে। মামলা নং ২৫, তারিখ ১৯/০২/২৪ ইং। আসামি আক্তারুল মোল্লাকে গাংনী থানায় সোপর্দ করা হয়েছে।

এছাড়া মামলার অপর আসামি তাইজেল ইসলামকে গ্রেফতারে অভিযান অব্যাহত আছে বলে জানান র্যাব কর্মকর্তা।

গাংনীতে ফলের ক্যারেটে মিললো ১৩৫ বোতল ফেনসিডিল, যুবক আটক

১৩৫ বোতল ভারতীয় ফেনসিডিলসহ জনি(২১) নামের এক কিশোরকে আটক করেছে গাংনীর বামন্দী পুলিশ ক্যাম্প।

আজ সোমবার (১৯ ফেব্রুয়ারি) সকাল ১০ টার সময় গাংনী উপজেলার বামন্দী বাসস্ট্যান্ডের ওয়াল্টন শো-রুমের সামনে অভিযান চালিয়ে তাকে ফেনসিডিলসহ আটক করা হয়।

আটক জনি কুষ্টিয়া জেলার দৌলতপুর উপজেলার বাহিরমাদি গ্রামের আব্দুল গনি মন্ডলের ছেলে।

গোপন সংবাদের ভিত্তিতে বামন্দী পুলিশ ক্যাম্পের ইনচার্জ উপপরিদর্শক (এসআই) শরীফের নেতৃত্বে পুলিশের একটি টিম অভিযান চালিয়ে তাকে আটক করেন।

এসআই শরীফ জানান, ফেনসিডিলের একটি চালান ঢাকার উদ্দেশ্য যাচ্ছে এমন সংবাদ পেয়ে বামন্দী বাসস্ট্যান্ডে অভিযান চালানো হয়। ঢাকার উদ্দেশ্য যাওয়ার জন্য ফেনসিডিল ভর্তি ফলের ক্যারেট নিয়ে বাসস্ট্যান্ডে অপেক্ষা করছিলো জনি।

ফেনসিডিল উদ্ধারের ঘটনায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে গাংনী থানায় একটি মামলা দায়ের করা হয়েছে। এই মামলার আসামি জনিকে আজ সোমবার দুপুরের দিকে আদালতে প্রেরণ করা হয়েছে।

ঘন কুয়াশায় ঢাকা পড়েছে মেহেরপুর

ঘন কুয়াশায় ঢাকা পড়েছে মেহেরপুর। সকাল থেকেই জেলার প্রকৃতি ঘন কুয়াশার চাদরে ঢাকা পড়েছে। ভোরে সূর্যোদয় হলেও কুয়াশাচ্ছন্ন আকাশে নিখোঁজ রয়েছে সূর্যের আলোর ঝলকানি। সকাল পৌনে সাড়ে ৯টা পর্যন্ত কুয়াশার কারণে সূর্যের মুখ দেখা যায়নি মেহেরপুরে।

সোমবার (১৯ ফেব্রুয়ারি) মধ্যরাত থেকে সকাল সাড়ে ৯টা পর্যন্ত মেহেরপুরের গ্রাম-গঞ্জ আর শহরের পথঘাট ছিল কুয়াশায় ঢাকা। শহরের পিচঢালা সড়কগুলোও ভিজেছে ঘন কুয়াশার শিশিরবিন্দুতে। গাছগাছালি ভরা সবুজ-শ্যামল প্রকৃতিও কুয়াশায় ধোঁয়াচ্ছন্নরূপ পেয়েছে।

এ অবস্থায় ভোর থেকে সড়ক-মহাসড়কগুলোতে ছোট-বড় যানবাহনগুলোকে গতি কমিয়ে চলাচল করতে হচ্ছে হেডলাইট জ্বালিয়ে। ভোর থেকে সকাল নয়টা পর্যন্ত মেহেরপুর শহরে, মেহেরপুর- কুষ্টিয়া সড়ক, মেহেরপুর-চুয়াডাঙ্গা সড়ক, গাংনী উপজেলা শহরসহ কয়েকটি এলাকা ঘুরে দেখা



গেছে, ঘন কুয়াশার দাপটে সড়কে মানুষের উপস্থিতি কম। তবে বেলা বাড়ার সঙ্গে সঙ্গে কর্মজীবি মানুষ ছুটছেন তাদের কর্মস্থলে।

চুয়াডাঙ্গা আঞ্চলিক আবহাওয়া অধিদপ্তরের ভারপ্রাপ্ত কর্মকর্তা রাকিবুল ইসলাম জানান, আজ সোমবার মেহেরপুরে সকাল ৯ টায় ১৮ ডিগ্রি সেলসিয়াস তাপমাত্রা রেকর্ড করা হয়েছে। এবং বাতাসের আর্দ্রতা ৯৫%, কুয়াশার দৃষ্টি সীমা ৭০০ মিটার।

কুয়াশার সঙ্গে হিমেল হাওয়ায় পথঘাটে থাকা ছিন্নমূল অসহায় মানুষের কষ্ট বাড়িয়েছে। যদিও এই কুয়াশা আগবাড়িয়ে মনে করে দিচ্ছে শৈত্যপ্রবাহের কথা।

এমন ঘন কুয়াশা পড়লে কৃষিতে ক্ষতির আশংকা করছেন এ অঞ্চলের কৃষক। শীতে বোরো বীজতলা ও রবি ফসল ক্ষতিগ্রস্ত হয়। বিশেষ করে কোল্ড ইনজুরি ও পচনসহ মড়ক বেড়ে যায়। তবে এ ব্যাপারে কৃষকদের মধ্যে সচেতনতা বৃদ্ধি ও করণীয় সম্পর্কে তাদের অবগত করা হয়েছে বলে জানান গাংনী উপজেলা কৃষি অফিসার ইমরান হোসেন।

গাংনীতে পুলিশের অভিযানে গাঁজাসহ একজন আটক

১০০ গ্রাম গাঁজাসহ আলাউদ্দিন ওরফে আলা (৫০) নামের এক মাদক কারবারী আটক করেছে গাংনী থানা পুলিশ।

আলাউদ্দিন গাংনী উপজেলার হিন্দা গ্রামের ভিটাপাড়া এলাকার পাচু

মন্ডলের ছেলে।

গতকাল রবিবার রাত সাড়ে আটটার দিকে তার নিজ বাড়িতে পুলিশ অভিযান চালিয়ে তাকে ১০০ গ্রাম গাঁজাসহ আটক করেন।

গাংনী থানার তদন্ত অফিসার মনোজিত কুমার নন্দী এই তথ্য নিশ্চিত করেন।

গোপন সংবাদের ভিত্তিতে গাংনী থানার উপপরিদর্শক (এসআই) শাহীন মিয়া সঙ্গীয় ফোর্সসহ অভিযান চালিয়ে তাকে আটক করেন।

এই ঘটনায় পুলিশের পক্ষ থেকে গাংনী থানায় মাদক দ্রব্য নিয়ন্ত্রণ আইনে একটা নিয়মিত মামলা দায়ের করা হয়েছে। আসামি আলাউদ্দিনকে আজ সোমবার সকালের দিকে আদালতের মাধ্যমে মেহেরপুর জেল হাজতে প্রেরণ করা হবে বলে জানান তদন্ত অফিসার মনোজিত কুমার নন্দী।

আমঝুপিতে মেহেরপুর জেলা বিএনপির লিফলেট বিতরণ

ডামি নির্বাচনে ডামি সরকারের আমলে দ্রব্যমূল্য বৃদ্ধি ক্রমবর্ধমান খুন, ধর্ষণ, গ্যাস ও জ্বালানী সংকটের প্রতিবাদ এবং গণতন্ত্র ও মানবাধিকার, ভোটাধিকার পুনঃপ্রতিষ্ঠার পাশাপাশি মাতৃভূমির স্বাধীনতা ও সার্বভৌমত্ব রক্ষার আহবান জানিয়ে মেহেরপুর জেলা বিএনপির উদ্যোগে ‘দেশ বাঁচাও মানুষ বাঁচাও’ স্লোগান সম্বলিত লিফলেট বিতরণ ও গণসংযোগ করা হয়েছে।

গতকাল রবিবার বিকেলে মেহেরপুর সদর উপজেলার আমঝুপি বাজারে লিফলেট বিতরণ ও গণসংযোগ করা হয়।

মেহেরপুর জেলা বিএনপি’র সভাপতি ও সাবেক সংসদ সদস্য মাসুদ অরুনের নেতৃত্বে গণসংযোগ ও লিফলেট বিতরণের সময় উপস্থিত ছিলেন মেহেরপুর জেলা বিএনপির যুগ্ম সাধারণ সম্পাদক আব্দুর রহিম, সহ সাংগঠনিক সম্পাদক জুলফিকার আলী ভুট্ট, পৌর বিএনপি’র সভাপতি জাহাঙ্গীর বিশ্বাস, সদর উপজেলা বিএনপির সাধারণ সম্পাদক সাইফুল ইসলাম, জেলা

যুবদলের সভাপতি জাহিদুল হক জাহিদ, জেলা ছাত্রদলের সভাপতি আকিব জাভেদ সেনজির প্রমুখ ।

গাংনীতে মাদক মামলার যাবজ্জীবন সাজাপ্রাপ্ত আসামি গ্রেফতার

মাদক মামলায় যাবজ্জীবন সাজাপ্রাপ্ত আসামি মো: কাবেল হোসেন ওরফে কাবিল (৬০) গ্রেফতার করেছে গাংনী থানা পুলিশ।

গতকাল রবিবার দিবাগত রাত সাতটার দিকে তার নিজ বাড়ি হাড়াভাঙ্গা গ্রামে অভিযান চালিয়ে তাকে গ্রেফতার করে পুলিশ।

গ্রেফতারকৃত কাবিল গাংনী উপজেলার হাড়াভাঙ্গা গ্রামের ফরাজীপাড়া এলাকার মৃত আমির ফরাজীর ছেলে।
গাংনী থানার তদন্ত অফিসার মনোজিত কুমার নন্দী এই তথ্য নিশ্চিত করেছেন।

তদন্ত অফিসার মনোজিত কুমার নন্দীর নেতৃত্বে উপপরিদর্শক (এসআই) আলী শেখ ও সঙ্গীয় ফোর্স গোপন সংবাদের ভিত্তিতে অভিযান চালিয়ে তাকে গ্রেফতার করেন।

কাবেল হোসেন ওরফে কাবিলের বিরুদ্ধে কুষ্টিয়া জেলার দৌলতপুর থানার মামলা ৩৭ নম্বর মামলা, তারিখ ২৯/০৮/১৮ মামলায় কুষ্টিয়ার জেলা ও দায়রা জ্বজ আদালতের বিচারক তাকে যাবজ্জীবন সশ্রম কারাদণ্ড ও ১০ হাজার টাকা জরিমান করেন। ওই সময় থেকে পলাতক ছিলেন কাবেল হোসেন।

গ্রেফতাকৃত কাবেল হোসেনকে আজ সোমবার সকালের দিকে কুষ্টিয়া আদালতে নেওয়া হবে।